গাংনীতে যুবদল নেতা মনি আটক, অস্ত্র উদ্ধার

মেহেরপুরের গাংনীতে মনিরুজ্জামান মনি (৩৮) কে একটি অবৈধ ওয়ান শুটারগান অস্ত্রসহ আটক করেছে বাংলাদেশ সেনাবাহিনীর গাংনী ক্যাম্পের সদস্যরা। গতকাল রোববার দিবাগত রাত ২ টা থেকে আজ সোমবার সকাল ৬টা পর্যন্ত একটানা অভিযানের মাধ্যমে তাকে আটক করা হয়।

আটক মনি গাংনী পৌর যুবদলের যুগ্ম আহ্বায়ক এবং পশ্চিম মালসাদহ গ্রামের মৃত মহিউদ্দিনের ছেলে।

গাংনী সেনা ক্যাম্প সূত্রে জানা গেছে, গোয়েন্দা তথ্যের ভিত্তিতে মনিরুজ্জামান মনির বাড়িতে অভিযান চালানো হয়। অভিযানের এক পর্যায়ে তার দেওয়া তথ্যের ভিত্তিতে বাড়ির ছাদে তল্লাশি চালিয়ে বালিভর্তি একটি বালতির ভিতরে পলিথিনে মোড়ানো অবস্থায় পরিত্যক্ত একটি ওয়ান শুটার গান উদ্ধার করা হয়। পরে ওই অস্ত্রসহ মনিকে আটক করা হয়।

উদ্ধারকৃত অস্ত্র ও আটক মনির বিরুদ্ধে পরবর্তী আইনি ব্যবস্থার জন্য গাংনী থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বানী ইসরাইল জানান, আটক মনির বিরুদ্ধে অস্ত্র আইনে মামলা দায়ের করা হয়েছে। তাকে আদালতে সোপর্দ করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

গাংনীর চোখতোলা মাঠ থেকে অস্ত্র উদ্ধার

মেহেরপুর জেলার গাংনী উপজেলার চোখতোলা মাঠ সংলগ্ন মেহেরপুর-কুষ্টিয়াগামী মহাসড়কের পূর্বপার্শ্বস্থ এলাকায় অভিযান পরিচালনা করে একটি অবৈধ ওয়ান শুটার গান পরিত্যাক্ত অবস্থায় উদ্ধার করেছে

র্যাব।

গতকাল শনিবার রাত পৌনে ১০টার দিকে এ অভিযান পরিচালনা করে র্যাব।

উদ্ধারকৃত অবৈধ ওয়ান শুটার গান পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য গাংনী থানায় সাধারণ ডাইরী মূলে হস্তান্তর করা হয়েছে।

মেহেরপুরে বিদেশি অস্ত্র ও গুলিসহ সন্ত্রাসী আটক

মেহেরপুরের গাংনী থেকে বিদেশি পিস্তল, ২টি ম্যাগাজিন ও ৩ রাউন্ড তাজা গুলিসহ লাল্টু বিশ্বাস (৪০) নামে একজনকে আটক করেছে যৌথ বাহিনী।

আজ শুক্রবার সকাল সাড়ে ৬টার দিকে গাংনীর লক্ষীনারায়নপুর ধলা গ্রামে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। তিনি ওই গ্রামের মৃত আক্কাস আলীর ছেলে।

যৌথ বাহিনীর অভিযান সূত্রে জানা যায়, লাল্টু বিশ্বাস নিজ বাড়িতে অস্ত্র নিয়ে অবস্থান করছেন, এমন গোপন সংবাদের ভিত্তিতে যৌথ বাহিনীর একটি দল অভিযান চালায়। অভিযানে ৭.৬৫ মিমি সাইজের একটি বিদেশি পিস্তল (Made in USA), দুটি ম্যাগাজিন এবং তিন রাউন্ড তাজা গুলি উদ্ধার করা হয়। লাল্টু বিশ্বাসের এক ভাই ডাকাতির চেষ্টাকালে জনতার হাতে মারা গেছেন এবং আরও এক ভাই পদ্মবিল দখল নিয়ে সংঘর্ষে মারা গেছে। তার বিরুদ্ধে এলাকায় চাঁদাবাজি, দখলদারিত্বসহ একাধিক অভিযোগ রয়েছে।

অভিযানটি পরিচালনা করেন ২৭ ফিল্ড রেজিমেন্ট আর্টিলারির ক্যাপ্টেন রওশন ও লেফটেন্যান্ট মিনহাজ এবং গাংনী থানা পুলিশের একটি টিম। লাল্টু বিশ্বাসের বিরুদ্ধে অস্ত্র আইনে মামলা প্রক্রিয়াধীন রয়েছে। আটককৃত লালটুকে গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।